

বাংলাদেশ শিল্পকলা একাডেমী

সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

বাশিএ/প্রশা:(সংস্থাপন)/১১(ক)/৭৯/পাট-১৬/২১

তারিখ : ০৭-০৭-২০১৫

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিল্পকলা একাডেমীর নিম্নবর্ণিত স্থায়ী/অস্থায়ী পদে (অস্থায়ী পদ নিয়মানুযায়ী পরবর্তীতে স্থায়ী হবে) সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	সর্বোচ্চ বয়সসীমা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১.	কালচারাল অফিসার ১১০০০-২০৩৭০/=	২ (দুই) টি (অস্থায়ী)	১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রিসহ সাংস্কৃতিক কর্মকাণ্ডে ৫ বছরের অভিজ্ঞতা অথবা স্নাতক ডিগ্রিসহ সাংস্কৃতিক বিষয়ে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	৩০ বৎসর
৩.	কালচারাল অফিসার ১১০০০-২০৩৭০/=	৩ (তিন)টি (স্থায়ী)	১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রিসহ সাংস্কৃতিক কর্মকাণ্ডে ৫ বছরের অভিজ্ঞতা অথবা স্নাতক ডিগ্রিসহ সাংস্কৃতিক বিষয়ে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	৩০ বৎসর
৩.	সহকারী পরিচালক (প্রোগ্রাম প্রোডাকশন, সঙ্গীত) ১১০০০-২০৩৭০/=	১ (এক) টি	সঙ্গীত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ সঙ্গীত বিষয়ক কর্মকাণ্ড সংক্রান্ত কোন বিধিবদ্ধ সংস্থায় কর্মকর্তা হিসাবে ৭ বৎসরের চাকরির অভিজ্ঞতা। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।	৩০ বৎসর
৪.	সহকারী পরিচালক (প্রোগ্রাম প্রডাকশন, সিনেমাদ্রোথ্রাফি) ১১০০০-২০৩৭০/=	১ (এক) টি	স্নাতকোত্তর ডিগ্রি। চলচ্চিত্র বিষয়ক কর্মকাণ্ড সংগঠনে ৭ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।	৩০ বৎসর
৫.	সহকারী পরিচালক (গবেষণা) ১১০০০-২০৩৭০/=	১ (এক) টি	স্নাতকোত্তর ডিগ্রি। কোন বিধিবদ্ধ সংস্থায় গবেষণা কাজে কর্মকর্তা হিসাবে ৭ বৎসরের চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।	৩০ বৎসর
৬.	সহকারী পরিচালক (বাজেট এবং প্লানিং) ১১০০০-২০৩৭০/=	১ (এক) টি	স্নাতকোত্তর ডিগ্রি (বাণিজ্য)। কোন বিধিবদ্ধ সংস্থায় কর্মকর্তা হিসাবে বাজেট, হিসাব ও পরিকল্পনা কাজে ৭ বছরের চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।	৩০ বৎসর
৭.	স্টেজ ম্যানেজার ১১০০০-২০৩৭০/=	১ (এক) টি	স্নাতকোত্তর ডিগ্রিসহ মঞ্চশিল্প বিষয়সহ মিলনায়তন ও মঞ্চ ব্যবস্থাপনায় ৭ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	৩৫ বৎসর
৮.	সহকারী সচিব ১১০০০-২০৩৭০/=	১ (এক) টি	স্নাতকোত্তর ডিগ্রিসহ বিধিবদ্ধ সংস্থার কর্মকর্তা হিসাবে প্রশাসনিক কাজে ৭ বৎসরের অভিজ্ঞতা।	৩০ বৎসর
৯.	জনসংযোগ কর্মকর্তা ১১০০০-২০৩৭০/=	১ (এক) টি	সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিগ্রিসহ কোন সংস্থায় জনসংযোগ/সাংবাদিকতা কাজে সাত বছরের অভিজ্ঞতা।	৩০ বৎসর
১০.	ইন্সট্রাকটর (সঙ্গীত ও যন্ত্র) ১১০০০-২০৩৭০/=	১ (এক) টি	সঙ্গীত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ যন্ত্রসঙ্গীত শিক্ষাদানে ৩ বৎসরের অভিজ্ঞতা অথবা সঙ্গীত বিষয়ে স্নাতক ডিগ্রিসহ যন্ত্রসঙ্গীত শিক্ষাদানে ৫ বছরের অভিজ্ঞতা।	৪০ বৎসর
১১.	ইন্সট্রাকটর (নৃত্য) ১১০০০-২০৩৭০/=	৩(তিন) টি	নৃত্য বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ নৃত্যকলা শিক্ষাদানে ৩ বৎসরের অভিজ্ঞতা অথবা নৃত্য বিষয়ে স্নাতক ডিগ্রিসহ নৃত্যকলা শিক্ষাদানের ৫ বছরের অভিজ্ঞতা।	৪০ বৎসর
১২.	ইন্সট্রাকটর (চারুকলা) ১১০০০-২০৩৭০/=	১ (এক) টি	চারুকলা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ চারুকলায় শিক্ষাদানে তিন বছরের অভিজ্ঞতা অথবা চারুকলা বিষয়ে স্নাতক ডিগ্রিসহ চারুকলায় শিক্ষাদানে ৫ বছরের অভিজ্ঞতা।	৪০ বৎসর
১৩.	গাইড লেকচারার ৮০০০-১৬৫৪০/=	১ (এক) টি	চারুকলা বিষয়ে স্নাতক ডিগ্রিসহ ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।	৩০ বৎসর
১৪.	ক্যামেরাম্যান (জনসংযোগ শাখা) ৮০০০-১৬৫৪০/=	১ (এক) টি	উচ্চ মাধ্যমিক পাসসহ ফটোগ্রাফিতে ডিপ্লোমা। চিত্র গ্রহণ পরিপূর্ন ও ফটোক্যামেরার কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।	৩০ বৎসর

সচিব মহোদয়ের দপ্তর
ডায়েরী নং- ২০১৭
তারিখ ১১/৭/১৫
অতিরিক্ত সচিব
অতিরিক্ত সচিব (প্রশাসন)
যুগ্মসচিব (উন্নয়ন)
সচিবের একান্ত সচিব


১১/৭/১৫
১১/৭/১৫
১১/৭/১৫

অতিরিক্ত সচিব (প্রঃ) এর দপ্তর
ডায়েরী নং- ২০১৭
তারিখ ১১-৭-১৫
উপসচিব-৭
উপসচিব (প্রঃ অঃ ২)
সংস্কৃতি উপদেষ্টা

- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত আবেদন ফরমটি www.bdshilpakala.org/www.moca.gov.bd ওয়েব সাইটে এবং হার্ড কপি একাডেমীর প্রশাসন বিভাগে পাওয়া যাবে।
- নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
- কোন প্রার্থী একের অধিক পদে আবেদন করতে পারবেন না।
- বর্ণিত পদে আবেদনকারীর বয়স ০১-০৭-২০১৫ তারিখে প্রতিটি পদের পার্শ্বে বর্ণিত ৫ নং কলামে উল্লিখিত সর্বোচ্চ বয়সসীমার মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- (ক) প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ১০-০৮-২০১৫ তারিখের মধ্যে ডাকযোগে "মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুন বাগিচা, রমনা, ঢাকা"-এর বরাবরে পৌঁছাতে হবে।
(খ) অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/স্বাক্ষরবিহীন আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- চাকরির প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৭। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:-

- (ক) পরীক্ষা ফি বাবদ “মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, ঢাকা”-এর অনুকূলে ক্রমিক ১ হতে ১২ পর্যন্ত পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ক্রমিক ১৩ হতে ১৪ এ বর্ণিত পদের ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে কোড নং-“১-৩৪০১-০০০১-২০৩১” খাতে ট্রেজারি চালানোর মাধ্যমে জমা দিয়ে চালানোর মূল কপি আবেদনের সাথে জমা দিতে হবে এবং আবেদন ফরমের ২০ নং ক্রমিকে চালান নম্বর, তারিখ এবং ব্যাংক ও শাখার নাম লিপিবদ্ধ করতে হবে।
 - (খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সাম্প্রতিক তোলা ৩(তিন) কপি ৫x৫ সে.মি আকারের ছবি আবেদনপত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।
- ৮। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে:
- (ক) ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
 - (খ) জাতীয় পরিচয়পত্র অথবা ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদ (প্রার্থী কর্তৃক আবেদনপত্রে যেটির তথ্য প্রদান করা হবে)।
 - (গ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র।
 - (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
 - (ঙ) অভিজ্ঞতা (যদি থাকে) সংক্রান্ত সনদপত্র।
- ৯। (ক) প্রচলিত বিধি মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা/সুদ্র নৃ-গোষ্ঠী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বর্তমানের সর্বশেষ সরকারি বিধান মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্রের অনুলিপি মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে।
- (খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে চাকরির আবেদনপত্রের সাথে তাদের পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রয়োজ্য ক্ষেত্রে)-এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে এবং এর মূল কপি মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে।
 - (গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে।
 - (ঘ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক শারীরিক প্রতিবন্ধী সনদের মূল কপি মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে।
- ১০। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় এই নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদন ফরমে উল্লিখিত সকল সনদের মূল কপি দেখাতে হবে এবং সকল সনদ ও রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি ০১(এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।
- ১১। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান এবং কোটা সম্পর্কিত প্রচলিত নীতিমালা অনুসরণ করা হবে। নির্দিষ্ট কোটায় নিয়োগের দাবিদার প্রার্থীকে তার দাবির স্বপক্ষে সরকার নির্ধারিত সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে। অন্যথায় তার দাবি অগ্রাহ্য বলে গণ্য হবে।
- ১২। আবেদনপত্র প্রেরিত খামের উপর বাম দিকে পদের নাম, নিজ জেলার নাম ও কোটার নাম (প্রয়োজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।
- ১৩। আবেদনপত্র বাছাইয়ের পর কেবল উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৪। কর্তৃপক্ষ, সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১৫। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৬। লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ ক্লিপ বোর্ড/কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম আনতে হবে।
- ১৭। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস, বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ১৮। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।


(লিয়াকত আলী সিকান্দার)
মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমী
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

(পত্রিকার বিজ্ঞাপনের অংশ নয়)

অনুলিপি:

- ১। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব (অধিশাখা: ৭), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(বিজ্ঞপ্তি এবং এতদসংযুক্ত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত আবেদন ফরম মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ জানানো হলো)।
- ৩। জনসংযোগ কর্মকর্তা, বাশিএ, ঢাকা (বহুল প্রচারিত ৩টি পত্রিকায় বিজ্ঞপ্তি (ফরম ব্যতীত) প্রকাশের জন্য।
- ৪। সহকারী পরিচালক (পি.এস), মহাপরিচালকের দপ্তর, বাশিএ।
(বিজ্ঞপ্তি এবং এতদসংযুক্ত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত আবেদন ফরম বাংলাদেশে শিল্পকলা একাডেমীর ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ জানানো হলো)।

চাকরির আবেদন ফরম

৫x৫ সে.মি
ছবি
(সম্প্রতি তোলা দুই
কপি)

১.	পদের নাম:										
২.	বিজ্ঞপ্তির নম্বর:			তারিখ:							
				দি	ন	মা	স	ব	ং	স	র
৩.	প্রার্থীর নাম			বাংলায়:							
				ইংরেজিতে (বড় অক্ষরে):							
৪.	জাতীয় পরিচয় নম্বর										(যে কোন একটি)
	জন্ম নিবন্ধন নম্বর										
৫.	জন্ম তারিখ:			দি	ন	মা	স	ব	ং	স	র
											৬. জন্মস্থান (জেলা):
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:					বছর		মাস		দিন	
৮.	মাতার নাম:										
৯.	পিতার নাম:										
১০.	ঠিকানা:			বর্তমান				স্থায়ী			
	বাসা ও সড়ক (নাম/নম্বর):										
	গ্রাম/পাড়া/মহল্লা:										
	ইউনিয়ন/ওয়ার্ড:										
	ডাকঘর:										
	পোস্ট কোড নম্বর:										
	উপজেলা/থানা:										
	জেলা:										
১১.	যোগাযোগ:		মোবাইল/টেলিফোন নম্বর:				ই-মেইল(যদি থাকে):				
১২.	জাতীয়তা:			১৩.	জেডার:						
১৪.	ধর্ম:			১৫.	পেশা:						
১৬.	শিক্ষাগত যোগ্যতা:										
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	শ্রেণি/বিভাগ					
১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):										
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):										
১৯.	কোটা (টিক দিন):		মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা				এতিম		শারীরিক প্রতিবন্ধী		
			ক্ষুদ্র নৃ-গোষ্ঠী		আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য		অন্যান্য (উল্লেখ করুন):				
২০.	চালান নম্বর:			তারিখ:							
				দি	ন	মা	স	ব	ং	স	র
	ব্যাংক ও শাখার নাম:										
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন):			হ্যাঁ		না		প্রযোজ্য নয়			

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

দি	ন	মা	স	ব	ং	স	র
----	---	----	---	---	---	---	---

প্রার্থীর স্বাক্ষর: